কালীগঞ্জে শেখ হেলালের মাতার স্মরণে দোয়া মাহফিল

ঝিনাইদহের কালীগঞ্জে বাগেরহাট ১ আসনের সংসদ সদস্য শেখ হেলালের মাতা ও শহীদ আবু নাসের এর সহধর্মিনীর রূহের মাগফেরাত কামনায় এক দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

গতকাল বুধবার সন্ধ্যা ৭ টায় বঙ্গবন্ধু পরিষদের কালীগঞ্জ শাখার কার্যালয়ে কালীগঞ্জ উপজেলা আওয়ামী লীগ এর সভাপতি ও সাবেক সংসদ সদস্য আব্দুল মান্নানের নির্দেশনায় এবং বঙ্গবন্ধু পরিষদের সভাপতি আব্দুর রশিদ খোকনের আয়োজনে এ দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

মাহফিলে উপস্থিত ছিলেন সংগঠনের দপ্তর সম্পাদক জিয়া কাশেম আজাদ, জাদোব বিশ্বাস, এনামুল হক আশু, মো আব্দুল মান্নান, মাসুদ রানা, কালীগঞ্জ পৌরসভার ১ নং ওয়ার্ডের কমিশনার তপন সাহেব, ৯নং ওয়ার্ডের কমিশনার মাজেদ আলীসহ আওয়ামী লীগের বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতা কর্মীরা।

দোয়া মাহফিলে বক্তারা শেখ হেলালের মাতার বর্ণাঢ্যময় জীবনের স্মৃতিচারণ করেন।

ফুল বাগান রাতারাতি হয়ে গেল ভেষজ বাগান!

ঝিনাইদহের কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শন করলেন স্বাস্থ্য বিভাগের অতিরিক্ত মহাপরিচালক (প্লানিং) অধ্যাপক ডাঃ মীরজাদী সাবরিনা ফ্লোরা।

গতকাল বুধবার সকাল ১১ টায় ডাঃ ফ্লোরা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শনে আসেন। এ সময় তিনি ৪০ মিনিট স্বাস্থ্য কমপ্লেক্সে অবস্থান করেন। ডাঃ ফ্লোরা স্বাস্থ্য কমপ্লেক্সের আউট ডোর, ইনডোর, ফ্লু কর্ণার, আইসিডি কর্ণার সহ বিশেষ কর্ণার গুলো

পরিদর্শন করেন।

এদিকে স্বাস্থ্য বিভাগের অতিরিক্ত মহাপরিচালকের আগমন উপলক্ষে স্বাস্থ্য কমপ্লেক্সের ফুল বাগান রাতারাতি ভেষজ বাগানে পরিণত করেছেন কর্তৃপক্ষ। ফলে পরিদর্শনে অ-সন্তোষ প্রকাশ করেছেন অতিরিক্ত মহাপরিচালক ডাঃ ফ্লোরা।

জানা যায়, স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরে একটি ভেষজ বাগান ছিল। যা কমপ্লেক্সের নতুন ভবন নির্মাণ করতে গিয়ে কেটে ফেলা হয়। হঠাৎ করে ডাঃ ফ্লোরা পরিদর্শনে আসবেন এমন সংবাদে ভেষজ বাগান দেখাতে গিয়ে স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে থাকা ফুল বাগানকে ভেষজ বাগানে পরিণত করা হয়েছে।

পরিদর্শনের এক ফাকে ডাঃ ফ্লোরা দেখতে আসেন সেই ভেষজ বাগান। প্রশ্ন তোলেন বরাদ্দের টাকা নিয়ে। বলেন, ভেষজ বাগান নাই। তাহলে বরাদ্দকৃত টাকা দিই কেন ?

এ বিষয়ে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ বলেন, কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের অসংক্রামক রোগের পাইলটিং প্রজেক্ট পরিদর্শনে আসেন স্বাস্থ্য বিভাগের অতিরিক্ত মহাপরিচালক। পরিদর্শনে তিনি সন্তোষ প্রকাশ করলেও ভেষজবাগান নিয়ে অ-সন্তোষ প্রকাশ করেছেন।

তিনি আরও বলেন, নতুন ভবন নির্মাণের জন্য ভেষজ বাগান কেটে ফেলা হয়। এ জন্য ২০১৯ সালে বরাদ্দ আসে। এরপর আর কোন টাকা আসেনি।

এ সময় উপস্থিত ছিলেন ঝিনাইদহের সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম, কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, আবাসিক মেডিকেল অফিসার ডাঃ ফারুক হোসেন, মেডিকেল অফিসার ডাঃ কৃষ্ণ কমল পাল সাগর, ডাঃ নির্ঝর সাহা, ডাঃ রমিজ উদ্দিন তপু প্রমুখ।

ঝিনাইদহে জেলা বিএনপির সাথে কেন্দ্রীয় সেচ্ছাসেবক দলের মতবিনিময় সভা

ঝিনাইদহ জেলা বিএনপির সাথে কেন্দ্রীয় সেচ্ছাসেবক দলের নেতৃবৃন্দের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সন্ধ্যায় শহরের এইচএসএস সড়কে দলটির কর্যালয়ে জেলা বিএনপির আয়োজনে এ সভা অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপির যুগ্ম-আহ্বায়ক জাহিদুজ্জামনা মনার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক এ্যাড. এস এম মশিয়ুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব এ্যাড. এম এ মজিদ, কেন্দ্রীয় স্বেচ্ছাসেক দলের সহ-সভাপতি আলহাজ্ব জামির হোসেন,

খুলনা বিভাগীয় সহ-সভাপতি তৈয়বুর রহমান, কেন্দ্রীয় কমিটির যুগ্ম-সম্পাদক ডি জেড এম হাসান বিন শফিক, সহ-সাধারণ সম্পাদক মোফাজ্জেল হোসেন নিটোল, আকরাম হোসেন, খুলনা বিভাগীয় সহ সাংগঠনিক সম্পাদক গালিব ইমতিয়াজ নাহিদ, কেন্দ্রীয় কমিটির সহ-সাধারণ সম্পাদক এ্যাড. শহীদুল ইসলাম, কোষাধ্যক্ষ কামরুজ্জামান জাপান, সহ-সাংগঠনিক সম্পাদক রবিউল ইসলাম পলাশ, জেলা বিএনপির যুগ্ম-আহ্বায়ক আক্তারুজ্জামান, এ্যাড, মুন্সী কামাল আজাদ পান্নু।

বক্তারা, দলকে সুসংগঠিত করে আগামী দিনে আন্দোলন সংগ্রাম সফল করতে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানান।

ঝিনাইদহে আবাদি জমিতে খাল

খননের প্রতিবাদে বিক্ষোভ

ঝিনাইদহে আবাদি জমিতে বিএডিসি কর্তৃক খাল খননের সিন্ধান্তের প্রতিবাদে বিক্ষোভ করেছে এলাকাবাসী।

বৃহস্পতিবার সকালে সদর উপজেলা পরিষদ চত্বরে সিন্ধান্ত বাতিলের দাবিতে বিক্ষোভ কর্মসূচি পালিত হয়। এ সময় সদর উপজেলার বাগডাঙ্গা, নাচনা, বদনপুর ও হামদরডাঙ্গা গ্রামের শত শত কৃষক অংশ নেয়।

বাগডাঙ্গা গ্রামের কৃষক মকলেচুর রহমান নামের এক কৃষক বলেন, ৪ গ্রামের মাঝে অবস্থিত বিলে বিএনডিসি খাল খননের সিন্ধান্ত নিয়েছে। খাল খনন করা হলে আবাদি জমি নষ্ট হবে।

নাচনা গ্রামের জাহিদুল ইসলাম বলেন, বর্তমানে আমাদের জমিতে ৩ টি ফসল হয়। সরকার যে খাল খননের সিন্ধান্ত গ্রহণ করেছে তাতে আমাদের জমির ফসল হবে না। অনেকেই ৫ বা ১০ কাঠা জমি আছে। সেখানে খাল খনন করা হলে অনেকে না খেয়ে মরবে।

বিক্ষোভ থেকে কৃষকরা খনন না করার দাবি জানান। পরে তারা উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে স্বারকলিপি পেশ করেন।

হাজারো মানুষের শ্রদ্ধায় সমাহিত হলেন ভাষা সৈনিক মুসা মিয়া

হাজারো মানুষের শ্রদ্ধা আর ভালবসায় সমাহিত হলেন ভাষা সৈনিক, শিক্ষানুরাগী ও রাজনৈতিক ব্যক্তিত্ব জাহিদ হোসেন মুসা মিয়া (৮৮)। তিনি বার্ধ্যকজনিত কারণে রাজধানীর এ্যাপোলো হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার দুপুরে ইন্তেকাল করেন।

গতকাল বুধবার বাদ জোহর ঝিনাইদহ ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ

মাঠের ঈদগাহ ময়দানে মরহুমের দ্বিতীয় জানাযার নামাজে হাজার হাজার মানুষের ঢল নামে। এর আগে মঙ্গলবার সন্ধ্যা ৭টায় ঢাকায় তাঁর প্রথম জানাযার নামাজ অনুষ্ঠিত হয়।

বুধবার বেলা ১১টায় ঝিনাইদহের কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা সৈনিক জাহিদ হোসেন মুসা মিয়া’র মরদেহে শেষ শ্রদ্ধা নিবেদন করেন অতিরিক্ত সচিব হাসনুজ্জামান কল্লোল, জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাস, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌর মেয়র সাইদুল করিম মিন্টু, জেলা পরিষদ সচিব রেজা ই রাফিন সরকার, সাবেক এমপি শহিদুজ্জামান বেল্টু, মসিউর রহমান,

জেলা বিএনপি’র আহবায়ক এস এম মশিউর রহমান, এছাড়াও শ্রদ্ধা নিবেদন করেন জেলা আওয়ামী লীগ, বিএনপি, ঝিনাইদহ পৌরসভা,ঝিনাইদহ প্রেস ক্লাব, সদর ও হরিনাকুন্ডু উপজেলা পরিষদ, জেলা ছাত্র লীগ, ছাত্র দল, সম্মিলিত সাংস্কৃতিক জোট, সদর হাসপাতাল, শহরের স্কুল ও কলেজসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের ব্যক্তিবর্গসহ সর্বস্তরের মানুষ।

তিনি ঝিনাইদহের বিশিষ্ঠ দানবীর, শিক্ষা অনুরাগী ও রেডিয়েন্ট ফার্মাসিউটিক্যালস লিমিটেড এর চেয়ারম্যান নাসের শাহরিয়ার জাহেদী মহুল এর পিতা। মৃত্যুকালে তিনি স্ত্রী, ৬ পুত্র, ২ কন্যা সন্তানসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনা, মসজিদ, মাদ্রাসা, এতিম খানা প্রতিষ্ঠাসহ তার সেবা দানকারী প্রতিষ্ঠান জাহেদী ফাউন্ডেশন প্রতিষ্ঠার কারণে তিনার কথা সারা জীবন মানুষ মনে রাখবে।

জানাযা শেষ ঝিনাইদহ শহরের মহিষাকুণ্ডু পারিবারিক বকরস্থানে তার দাফন সম্পন্ন করা হয়।

কালীগঞ্জে স্বেচ্ছাসেবক দলের

প্রতিনিধি সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের কালীগঞ্জে বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের উপজেলা ও পৌর শাখার প্রতিনিধি সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল ১১ টায় শহরের এম.ইউ কলেজিয়েট স্কুল প্রাঙ্গণে এ প্রতিনিধি সভা অনুষ্ঠিত হয়।

কালীগঞ্জ পৌর স্বেচ্ছাসেবক দলের সভাপতি তোফাজ্জেল হোসেন তপনের সভাপতিত্বে প্রতিনিধি সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের সহ-সভাপতি আলহাজ্ব মো. জামির হোসেন। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের সহ-সভাপতি মো. তৈয়েবুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুগ্ম-সম্পাদক ডি.জেড.এম হাসান বিন শফিক সোহাগ, সহ-সাধারণ সম্পাদক মোফাজ্জেল হোসেন নিটল, আকরাম হোসেন, সহ-সাংগঠনিক সম্পাদক হাসিবুর রহমান মুন্না, এস.এম গালিব ইমতিয়াজ নাহিদ, সহ-সাধারণ সম্পাদক এ্যাডভোকেট শহিদুল ইসলাম, ইফতেখারুজ্জামান শিমুল, কোষাধ্যক্ষ আবু সাঈদ মো. কামরুজ্জমান জাপান, সহ-সাংগঠনিক সম্পাদক ইফতেখার সেলিম অগ্নি, ঝিনাইদহ জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি ও কেন্দ্রীয় সহ-সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পু, সহ-সাংগঠনিক সম্পাদক একরামুল হক হেলাল, রবিউল ইসলাম পলাশ, রবিউল ইসলাম প্রমুখ। প্রতিনিধি সভা পরিচালনা করেন ঝিনাইদহ জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক রেজাউল ইসলাম।

এ সময় কেন্দ্রীয় নেতৃবৃন্দ কালীগঞ্জ উপজেলা ও পৌর স্বেচ্ছাসেবক দলের বিভিন্ন পদে পদ প্রত্যাশীদের সাক্ষাতকার গ্রহণ করেন ও তাদের বক্তব্য শোনেন। উপজেলা ও পৌর শাখার নতুন কমিটি ঘোষণা করা হবে বলে কেন্দ্রীয় নেতারা জানান।

ঝিনাইদহের ভাষা সৈনিক জাহিদ হোসেন মুসা মিয়ার চিরবিদায়

ঝিনাইদহের দানবীর রেডিয়েন্ট ফার্মাসিউটিক্যালস লিমিটেড এর চেয়ারম্যান নাসের শাহরিয়ার জাহেদী মহুল এর পিতা প্রবীণ ব্যক্তিত্ব ভাষা সৈনিক জাহিদ হোসেন মুসা মিয়া বার্ধ্যকজনিত কারণে রাজধানীর এ্যাপোলো হাসপাতালে মঙ্গলবার দুপুরে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহী ওয়া ইন্না ইলাহী রাজিউন)।

গতকাল বুধবার বাদ জোহর ঝিনাইদহ শহরের ওয়াজির আলী হাই স্কুল এন্ড কলেজ মাঠে মরহুমের জানাযার নামাজ অনুষ্ঠিত হয়।

করোনা মোকাবেলায় কঠোর দামুড়হুদা উপজেলা প্রশাসন

চলতি শীতে করোনার দ্বিতীয় ঢেউ মোকাবেলায় কঠোর হয়েছেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসন। এর অংশ হিসেবে সরকারি-বেসরকারি অফিস সহ সব জায়গায় চলাচলে মাস্ক ব্যবহার নিশ্চিত করার পরিকল্পনা নেওয়া হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকাল ৫ টার সময় দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমানের নির্দেশে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মোঃ মহিউদ্দিন, দামুড়হুদা উপজেলায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করেন। এ সময় মুখে মাস্ক ব্যবহার না করার অপরাধে ২ জনকে জরিমানা করা হয়। ভ্রাম্যমাণ আদালতে সহযোগিতা করেন পেশকার জিহন আলী।

দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি মোঃ মহিউদ্দিন বলেন, সাধারণত শীতকালে হাসপাতালে ৬০ ভাগ বয়স্ক মানুষ বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে ভর্তি থাকেন। করোনার দ্বিতীয় ঢেউ এলে জ্যেষ্ঠ এই

নাগরিকদের সতর্কভাবে ঘরে থাকার পরামর্শ দেন তিনি। আগামী ডিসেম্বরের প্রথম সপ্তাহে করোনার দ্বিতীয় ঢেউ দেখা দিতে পারে। এ জন্য সবার মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে।

তিনি আরো বলেন, সব ধরণের অফিসে কর্মচারী থেকে কর্মকর্তাদের মধ্যে মাস্ক ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে।

কালীগঞ্জে সাংবাদিকের বিরুদ্ধে মিথ্যা মামলার প্রতিবাদে মানববন্ধন

বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করায় দৈনিক যুগান্তরের কালীগঞ্জ উপজেলা প্রতিনিধি শাহরিয়ার আলম সোহাগ ও দৈনিক নবচিত্র পত্রিকার বার্তা প্রধান আসিফ ইকবাল কাজলের বিরুদ্ধে মিথ্যা মামলার প্রতিবাদে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল ১১ টায় কালীগঞ্জ শহরের বাসস্ট্যান্ডে এ মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। ঝিনাইদহ, কালীগঞ্জ ও কোটচাঁদপুর উপজেলায় কর্মরত সকল সাংবাদিক, মানবাধিকার কর্মীসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ মানববন্ধনে অংশগ্রহণ করেন।

কালীগঞ্জ প্রেস ক্লাবের সভাপতি জামির হোসেনের সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম আশরাফ, ঝিনাইদহ জেলা প্রেস ক্লাবের সভাপতি ও দৈনিক যুগান্তরের ঝিনাইদহ প্রতিনিধি মিজানুর রহমান, দৈনিক নবচিত্রের প্রধান সম্পাদক আলহাজ্ব শহিদুল ইসলাম, ঝিনাইদহ জেলা প্রেস ক্লাবের সহ-সভাপতি আব্দুল হাই, সহ-সাধারণ সম্পাদক এম.মাহফুজুর রহমান, দৈনিক নবচিত্রের সম্পাদক আলাউদ্দিন আজাদ, যমুনা টিভির প্রতিনিধি আহমেদ নাসিম আনসারী, আরটিভির প্রতিনিধি শিপলু জামান, মাইটিভির প্রতিনিধি মিঠু মালিথা, সিনিয়র সাংবাদিক আব্দুল কাদের, ইত্তেফাকের সাংবাদিক রফিকুল ইসলাম মন্টু, আব্দুস সালাম, জাফর

উদ্দিন রাজু, আব্দুল্লাহ আল মামুন প্রমুখ।

সমাবেশে বক্তারা বলেন, ব্যাংকের টাকা আত্মসাৎকারী আজির আলী ও আব্দুস সালাম বাদী হয়ে সাংবাদিকের বিরুদ্ধে মিথ্যা মামলা দায়ের করেছেন। অবিলম্বে এ মামলা প্রত্যাহার ও সরকারি টাকা আত্মসাৎকারীদের গ্রেপ্তার করতে হবে। অন্যথায় কঠোর কর্মসূচি গ্রহণের হুশিয়ারি দেন সাংবাদিক নেতারা।

প্রসঙ্গত, ঝিনাইদহ থেকে প্রকাশিত বহুল প্রচারিত দৈনিক নবচিত্র পত্রিকার বার্তা প্রধান জেলার সিনিয়র সাংবাদিক আসিফ কাজল এবং দৈনিক যুগান্তরের কালীগঞ্জ প্রতিনিধি শাহরিয়ার আলম সোহাগসহ তিনজনের নামে ৫০০/৫০১ ধারায় অভিযোগ দিয়েছেন আব্দুস সালাম ও আজির উদ্দীন নামে ব্যাংকের দুই কর্মচারী।

এর আগে গত ২৭ অক্টোবর বিভিন্ন পত্রিকা ও টিভি চ্যানেলে ‘কালীগঞ্জ অগ্রণী ব্যাংকের দুই কোটি টাকা আত্মসাৎ’ শিরোনামে প্রতিবেদন প্রকাশিত হয়। ২৮ অক্টোবর এই দুই কর্মচারী ঋণ জালিয়াতি করে টাকা চুরির দায়ে সাময়িক বরখাস্ত হয়েছেন।

ঝিনাইদহে স্ত্রী’র কিডনিতে রক্ষা পেল স্বামীর প্রাণ

বাঙ্গালী মেয়েদের স্বামীর প্রতি ভালবাসা অসীম তা প্রমাণ করলো ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার হরিশপুর গ্রামের গৃহবধু সেতু খাতুন। কিডনি আক্রান্ত মৃত্যুপথ যাত্রী স্বামীকে একটি কিডনি দিয়েছেন তিনি। বর্তমানে তারা ঢাকার শ্যামলী সিকেডি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

জানা যায়, হরিশপুর গ্রামের আব্দুল মালেকের ছেলে আনসার সদস্য রাশিদুল ইসলাম ৩ মাস পূর্বে অসুস্থ হয়ে পড়েন। খুলনার একটি হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে গেলে তার দুইটি কিডনিই বিকল হয়ে পড়েছে বলে জানায় চিকিৎসকরা এবং দ্রুত কিডনি প্রতিস্থাপন করতে বলে। রাশিদুলের মধ্যবিত্ত পরিবারের পক্ষে কিডনি কিনে তা

প্রতিস্থাপন করার খরচ জোগানো সম্ভব নয় বলে হতাশায় পড়েন তার পরিবার।

ভাগ্যক্রমে রাশিদুলের সঙ্গে তার স্ত্রীর কিডনি মিলে যায়। ভালোবাসার মানুষটিকে বাঁচাতে কিডনি দিতে রাজি হন স্ত্রী সেতু খাতুন। গত ১২ নভেম্বর রাজধানীর শ্যামলী ৩ নং সড়কের সিকেডি কিডনি হাসপাতালে তাদের অপারেশন করা হয়। ওই দিন বিকাল ৪ টার দিকে অপারেশন শুরু হয়ে রাত ৯ টায় সফল ভাবে অপারেশন শেষ হয়। বর্তমানে স্বামী ও স্ত্রী দুইজনই সুস্থ্য আছে।

মোবাইলে স্ত্রী সেতু খাতুনের সাথে কথা হলে তিনি বলেন, পারিবারিকভাবে বিয়ে হয়েছে আমাদের। আমাদের ভালোবাসা আর ২ বছরের ছেলে সন্তানের মুখের দিকে চেয়ে আমি তাকে কিডনি দিয়েছি। আপনারা আমাদের জন্য দোয়া করবেন। আমরা যেন সুস্থ্য থাকি।

উল্লেখ্য, ৩ বছর আগে পারিবারিক ভাবে ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার হরিশপুর গ্রামের আব্দুল মালেকের ছেলে রাশিদুলের সাথে কুষ্টিয়া সদর উপজেলার হাতিভাঙ্গা গ্রামের হাবিবুর রহমানের মেয়ে সেতু খাতুনের বিয়ে হয়।